

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ০৩ মাঘ ১৪০৮ বাখ/১৬ জানুয়ারী ২০০২ ইং

এস, আর, ও নং ১৩-আইন/২০০২—Forest Act, 1927 (XVI of 1927) এর section 41 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (১) বিধি ৪ এ “৪৮ বন রাজৰ” সংখ্যা ও শব্দগুলির পরিবর্তে “১/৪৫৩১/০০০০/২৬৮১ (বিবিধ রাজুষ ও প্রাণি)” সংখ্যাগুলি, বক্ষনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;
- (২) বিধি ৭ এর—
 - (ক) উপ-বিধি (১) এর “সংরক্ষণ করিবেন” শব্দগুলির পর “এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উহার অনুলিপি দাখিল করিবেন” শব্দগুলি সন্তুষ্টিপূর্ণ হইবে ;
 - (খ) উপ-বিধি (২) এ “ডেপুটি রেজার” শব্দগুলির পরিবর্তে “ফরেন্সটার” শব্দটি প্রতিস্থাপিত হইবে ;
- (৩) বিধি ৮ এর—
 - (ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) সংরক্ষিত, রক্ষিত, অর্পিত ও অন্য যে কোন ধরণের সরকারী বনভূমির সীমানা হইতে অথবা বাংলাদেশের আন্তর্জাতিক স্থলসীমানা হইতে দশ কিলোমিটারের মধ্যে এবং উপজেলা পরিষদ কার্যালয়ের এক কিলো-মিটার ব্যাসার্ধের মধ্যে পৌর এলাকা ব্যতীত, কোন স্থানে কোন করাত-কল স্থাপন করা যাইবে না।”;

(১৯৭)

মূল্য ৩ টাকা ১.০০

- (খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সন্মিলিত হইবে, যথা :—
 “(৩) করাত-কল সকাল ৬টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা রাখা
 যাইবে।”;
- (৪) বিধি ৯ এর উপ-বিধি (১) এ “ডেপুটি রেঞ্জার” শব্দগুলির পরিবর্তে “ফরেস্টার”
 শব্দটি প্রতিস্থাপিত হইবে ;
- (৫) ফরম ‘খ’ এর ক্রমিক নং ৩ এর—
 (ক) দফা (খ) এ “ডেপুটি রেঞ্জারের” শব্দগুলির পরিবর্তে “ফরেস্টারের” শব্দগুলি
 প্রতিস্থাপিত হইবে ;
 (খ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা :—
 “(ঘ) করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর সকল বিধান মানিয়া
 চলিতে হইবে।”;
- (গ) দফা (ঙ) এর “এবং মেয়াদ শেষ হইবার এক মাস পূর্বে নবায়নের জন্য
 আবেদন করা না হইলে ইহার কার্যকরতা থাকিবে না” শব্দগুলি বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহফুজুল ইসলাম
 সচিব।